KUAA কার্যনির্বাহী পরিষদের নির্বাচন ২০২৬

অনলাইন ভোটদানের নির্দেশিকা


ভোটদানের লিংক কোথায় পাবেন?

ভোটদানের লিংক KUAA-এর ওয়েবসাইট এবং KUAA-এর ফেসবুক পেজে প্রকাশ করা হবে। ফেসবুক পেজে লিংকটি খুঁজতে পেজের Pinned / Featured পোস্ট দেখুন।

১	**পাসওয়ার্ডের জন্য অনুরোধ** ভোটিং পোর্টালে প্রবেশ করে নিবন্ধিত ই-মেইল ঠিকানা দিয়ে পাসওয়ার্ডের জন্য অনুরোধ করুন।
২	**ই-মেইল দেখুন** নির্বাচন কমিশনের পাঠানো ই-মেইল থেকে ভোটদানের পাসওয়ার্ড সংগ্রহ করুন।
৩	**লগইন করুন** নিবন্ধিত ই-মেইল ঠিকানা ও ই-মেইলে পাওয়া পাসওয়ার্ড ব্যবহার করে পোর্টালে লগইন করুন।
৪	**প্রার্থী নির্বাচন করুন** প্রতিটি পদের জন্য নির্ধারিত পদসংখ্যা অনুযায়ী প্রার্থী নির্বাচন করুন।
৫	**সাবমিট ও সম্পন্ন করুন** প্রতিটি পদের ভোট আলাদাভাবে Submit করুন এবং শেষে ভোট সম্পন্ন হওয়ার বার্তা দেখুন।

১. পাসওয়ার্ড সংগ্রহ ও লগইন

- KUAA-এর ওয়েবসাইট এবং KUAA-এর ফেসবুক প্রকাশিত লিংক থেকে ভোটের পোর্টালে প্রবেশ করুন।
- ১ম ধাপে আপনার নিবন্ধিত ই-মেইল ঠিকানা দিয়ে পাসওয়ার্ডের অনুরোধ করুন। ই-মেইলে পাঠানো পাসওয়ার্ড ব্যবহার করে একই পোর্টালে ফিরে লগইন করুন।
- পরবর্তী ধাপ আপনাকে ব্যালট পেজে নিয়ে যাবে।



Note:

ভোট দানের জন্য চূড়ান্ত ভোটার তালিকায় থাকা email ব্যবহার করুন।

পাসওয়ার্ড গোপন রাখুন এবং অন্য কারও সঙ্গে শেয়ার করবেন না।

আপনার inboxএ ইমেইলটি না পেলে spam/ junk ফোল্ডার চেক করুন।

Email এ পাঠানো Password-টি একটি সবুজ বক্সের ভিতরে পাওয়া যাবে।



২. প্রার্থী নির্বাচন: পদ সংখ্যা ও ভোটের সংখ্যা দেখুন এবং ভোট দান করুন

লগইন করার পর ব্যালট পেজে প্রতিটি পদের জন্য আলাদা প্রার্থী তালিকা দেখা যায়। পদের নামের পাশে No. of Posts অংশে ওই পদের আসনসংখ্যা উল্লেখ থাকে। প্রার্থীর নামের পাশের checkbox-এ টিক দিয়ে পছন্দের প্রার্থী নির্বাচন করুন।

- **ব্যালট পেজে প্রতিটি পদের জন্য আলাদা প্রার্থী তালিকা ও Submit বোতাম রয়েছে। ঐ পদের ভোটদান সম্পন্ন করলে** Submit বোতাম নিষ্ক্রিয় হয়ে যাবে।
- যে পদের জন্য যতটি আসন রয়েছে, ওই পদে সর্বোচ্চ ততজন প্রার্থী নির্বাচন করা যাবে।
- বেশি নির্বাচন করলে পোর্টাল সতর্কবার্তা দেখাবে।
- আসনসংখ্যার চেয়ে কম প্রার্থী নির্বাচন করাও গ্রহণযোগ্য।




৩. প্রতিটি পদের ভোট আলাদাভাবে Submit করতে হবে

প্রতিটি পদের প্রার্থী নির্বাচন সম্পন্ন হলে সেই পদের পাশে থাকা নির্দিষ্ট Submit বোতাম চাপুন। একটি পদের Submit বোতাম অন্য পদের ভোট জমা দেয় না। তাই প্রতিটি পদের ভোট আলাদাভাবে জমা দিতে হবে।


- কোনো পদের Submit সম্পন্ন হওয়ার পর ওই পদের Submit বোতাম নিষ্ক্রিয় হয়। তাই ওই পদের ভোট জমা দেওয়ার পর প্রার্থী পরিবর্তন বা পুনরায় ভোট দেওয়ার সুযোগ থাকবে না।
- একটি পদের ভোট Submit হয়ে গেলে বাকি পদগুলোর জন্য একইভাবে প্রার্থী নির্বাচন ও Submit করতে থাকুন।

ধাপ ১ পদের প্রার্থী নির্বাচন	ধাপ ২ নির্বাচন যাচাই	ধাপ ৩ সেই পদের Submit



৪. ভোট সম্পন্ন হওয়ার বার্তা

- সকল পদের ভোটদান সম্পন্ন হলে সবার নিচে Voting Complete বোতামে চাপ দিয়ে আপনার ভোটিং প্রক্রিয়া সম্পন্ন করুন।
- ভোট সম্পন্ন হলে পোর্টালে নিশ্চিতকরণ বার্তা "You have completed voting. প্রদর্শিত হবে।
-



৫. বিদ্যুৎ বা ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হলে

কোনো পদের Submit সফলভাবে সম্পন্ন হয়ে সিস্টেমে ভোট সংরক্ষিত হলে, পরবর্তীতে বিদ্যুৎ চলে যাওয়া বা ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হওয়া সেই জমা হওয়া ভোটকে বাতিল করে না।
সংযোগ ফিরে এলে পূর্বে পাঠানো Password ব্যবহার করে পুনরায় লগইন করে সংশ্লিষ্ট পদের অবস্থা যাচাই করুন এবং উপরের বর্ণিত পদক্ষেপ গুলির মাধ্যমে আপনার ভোটদান সম্পন্ন করুন।

6. ভোটদান পদ্ধতির ভিডিও টিউটোরিয়াল ভোটদান

ভোটদানের ধাপগুলো আরও সহজে বুঝতে KUAA-এর ফেসবুক পেজে অনলাইন ভোটদান প্রক্রিয়ার একটি নির্দেশনামূলক ভিডিওও পাওয়া যাবে।

সম্মানিত ভোটারবৃন্দ

KUAA কার্যনির্বাহী পরিষদের নির্বাচন ২০২৬-এ অংশগ্রহণের জন্য আপনাদের আন্তরিক ধন্যবাদ।

আপনাদের ঐকান্তিক ও সর্বাত্মক সহযোগিতা আমাদের কাম্য।

নির্বাচন কমিশন একটি স্বচ্ছ, অন্তর্ভুক্তিমূলক, সুষ্ঠু ও সর্বগ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ।

ধন্যবাদ,

নির্বাচন কমিশন